গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, পঞ্চগড়
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.panchagarh.gov.bd



বিষয় : **পঞ্চগড় জেলা আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর ২০২৬ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোসা: শুকরিয়া পারভীন
জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড়
সভার তারিখ ও সময় : ১১ অক্টোবর ২০২৬, সকাল ১০.০০টা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পঞ্চগড়

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন, অগ্রগতি এবং আলোচ্য মাসের অপরাধ চিত্র উপস্থাপন করা হয়।

০২। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

ক্রম	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	**জেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা :** **ক) অপরাধ চিত্র সংক্রান্ত :** পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড় হতে প্রাপ্ত সেপ্টেম্বর ২০২৬ মাসে সংঘটিত অপরাধ চিত্রের তুলনামূলক প্রতিবেদন:	১. জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২. অপরাধমূলক কর্মকান্ড রোধকল্পে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করতে হবে। ৩.গ্রাম আদালতের মাধ্যমে বিচার্য মামলাসমূহ গ্রাম আদালতেই দায়ের ও বিরোধ নিষ্পত্তি করতে হবে। ৪. অভ্যাসগত অপরাধীদের স্বাভাবিক জীবনে পুনর্বাসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. পুলিশ সুপার, পঞ্চগড় ২. অধিনায়ক ১৮/ ৫০/ ৫৬ বিজিবি, পঞ্চগড়/ঠাকুরগাঁও/ নীলফামারী ৩. উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড় ৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় ৫.ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), পঞ্চগড়

সময়/ মাস	ডাকাতি	দস্যুতা/ রাহাজানি	সিঁধেল চুরি	চুরি	খুন	দ্রুত বিচার	দাঙ্গা	দাঙ্গাসহ খুন	গবাদিপশু চুরি
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০
সেপ্টেম্বর ২০২৬	০০	০০	০২	০৭	০৩	০০	০০	০০	০১
আগস্ট ২০২৬	০০	০০	০১	০৬	-	-	-	-	০৩

অপহরণ	ধর্ষণ	নারী নির্যাতন	শিশু নির্যাতন	অস্ত্র আইন	বিস্ফোরক দ্রব্য	মাদকদ্রব্য	চোরাচালান	অন্যান্য	মোট
১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
০০	০৭	১৮	০০	০০	০০	৩৫	০০	৬৯	১৪২
০৩	০৩	২০	০০	০০	০০	৪৩	০০	৬৮	১৪৭

পঞ্চগড় জেলার অপমৃত্যু মামলার তথ্য

মাসের নাম	ফাঁসিতে	বিষ পানে	১৮ বছর পর্যন্ত	১৯-৩০ বছর	৩১-৪৫ বছর	৪৬-৬০ বছর	৬০ বছরের উর্ধ্বে
সেপ্টেম্বর ২৬	২	৮	১	৫	২	২	-

অন্যান্যভাবে অপমৃত্যু

মাসের নাম	উপর থেকে পড়ে	পানিতে ডুবে	বন্যপ্রাণির আক্রমণে	সাপে কাটা	বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে	বজ্র পাতে	অগ্নি কান্ডে	বিবিধ
সেপ্টেম্বর ২৬	০০	৮	০০	০১	০৪	০০	০০	০২

সভায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার এবং সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।

ক্রম	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	খ) ট্রাফিক শাখা, পঞ্চগড় কর্তৃক অবৈধভাবে চলাচলকারী আটককৃত যানবাহনের সেপ্টেম্বর ২০২৬ মাসের প্রতিবেদন : **যানবাহনের বিবরণ :** **জেলা পুলিশ বিভাগ কর্তৃক চোরাই মালামাল উদ্ধার (সেপ্টেম্বর) ২০২৬)**	১. ট্রাফিক রুল অমান্যকারী এবং বৈধ কাগজপত্রবিহীন যানবাহনের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. জনদুর্ভোগ এড়াতে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে রাস্তা বা জনসাধারণের চলাচলের পথে সভা-সমাবেশ আয়োজন নিরুৎসাহিত করতে হবে।	পুলিশ সুপার, পঞ্চগড়
২.২	**চোরাচালান ও মাদক বিরোধী টাস্কফোর্স অভিযান সংক্রান্ত :** পুলিশ, বিজিবি ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক উদ্ধারকৃত মালামালের বিবরণ: সীমান্ত এলাকা দিয়ে মাদকের প্রবেশ বন্ধে বিজিবিকে কার্যকর ও কঠোর ভূমিকা পালন, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন জায়গায় মাদক বিক্রি ও ব্যবহারের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পঞ্চগড় এবং জেলা পুলিশের সক্রিয় ভূমিকা রাখার বিষয়ে সদস্যগণ আলোকপাত করেন।	জেলা ও উপজেলায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সদস্যগণের অংশগ্রহণে নিয়মিত টাস্কফোর্স কার্যক্রম বাড়াতে হবে।	১. পুলিশ সুপার, পঞ্চগড় ২. অধিনায়ক, ১৮/৫০/৫৬ বিজিবি, পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ নীলফামারী ৩. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড় ৪.জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পঞ্চগড় ৫. উপজেলা নির্বাহী অফিসার সকল, পঞ্চগড় ৬. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পঞ্চগড়

জেলার নাম	মাসের নাম	মোট প্রসিকিউশনের সংখ্যা	জরিমানার পরিমাণ
পঞ্চগড়	সেপ্টেম্বর ২০২৬	২৯৯	১০,৯৩,৫০০/-

মোটর সাইকেল	মাইক্রোবাস	ট্রাক	পিক আপ	ট্রাক্টর	কাভার্ড ভ্যান	সর্বমোট
২৬২	০৬	১৮	০৬	০২	০৫	২৯৯

জিডির সংখ্যা	মামলার সংখ্যা	চোরাই মালামাল	মূল্য
৯৬	১০	১। মোবাইল ফোন-৫৪টি ২। ছাগল- ২টি ৩। বাইসাইকেল-১টি ৪। নগদ অর্থ ৫। মোটরসাইকেল ৬টি ৬। ট্রান্সফরমার ১টি ৭। প্রাইভেটকার ১টি	=৮,১০,০০০/- = ৩০,০০০/- = ১০,০০০/- = ১৫,০০০/- = ৯,০০,০০০/- = ৬৭,৩৫০/- = ৭,০০,০০০/-

বিভাগের নাম	দ্রব্যাদির নাম ও পরিমাণ/ সংখ্যা	মোট মূল্য টাকা
(১) পুলিশ বিভাগ, পঞ্চগড়	গাঁজা-১২ কেজি ৪১৭ গ্রাম, হেরোইন-১৮ গ্রাম, ট্যাপেন্টাডল ট্যাবলেট-১০৪৪ পিস, ইনজেকশন-৭১ পিস. ইয়াবা-১৪০ পিস, ফেন্সিডিল ৭ বোতল	৪,৩২,৬৭০/-
(২) ১৮ বিজিবি, পঞ্চগড়	ভারতীয় নেশাজাতীয় সিরাপ-৩১ বোতল, ভারতীয় চাপাতা-২৫০ কেজি, ফেন্সিডিল ১৮ বোতল	৪০,৯০০/-
(৩) ৫৬ বিজিবি, নীলফামারী	ভারতীয় চাপাতা- ২৬ কেজি, গাঁজা-১১২ গ্রাম, ভারতীয় ট্যাপেন্টাডল ট্যাবলেট-১০১পিস, বাংলাদেশী জীপ সার ৫০ কেজি, বাংলাদেশী পাট ১৬০ কেজি, ভারতীয় গরু ০২টি, ভারতীয় কীটনাশক ০২ লিটার, ভারতীয় ফসফেট সার ০১ বস্তা (৫০ কেজি), বাটন মোবাইল ০১টি ও সিম ০১টি	১,৫০,৮০২/-
(৪) ৫০ বিজিবি, ঠাকুরগাঁও	নেই	নেই
(৫) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পঞ্চগড়	ইয়াবা-০৬ পিস, গাঁজা-৪১০ গ্রাম, ট্যাপেন্টাডল ট্যাবলেট -৩৭ বোতল	২১,১০০/-

ক্রম	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.৩	**ক) ফৌজদারি মামলার অগ্রগতি :** বিজ্ঞ পিপি, পঞ্চগড় এর নিকট হতে প্রাপ্ত সেপ্টেম্বর ২০২৬ মাস পর্যন্ত ফৌজদারি মামলার অগ্রগতির বিবরণী সভায় উপস্থাপন করা হয়। সভাপতি বলেন, মামলা পরিচালনায় জনসাধারণকে বিশেষ করে গরীব অসহায় বিচারপ্রার্থীকে আইনগত সহায়তা কমিটির সহায়তা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	১। ফৌজদারি মামলায় রাষ্ট্রপক্ষকে যথাযথভাবে ভূমিকা পালন করতে হবে এবং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিতে বিজ্ঞ আদালতকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। ২। মামলা পরিচালনায় জনসাধারণকে বিশেষ করে গরীব অসহায় বিচারপ্রার্থীকে আইনগত সহায়তা কমিটির সহায়তা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিজ্ঞ পিপি, অতিরিক্ত পিপি/এপিপি (সকল), পঞ্চগড়

মামলার বিবরণ	মামলার সংখ্যা	সরকার পক্ষে নিষ্পত্তি	সরকার বিপক্ষে নিষ্পত্তি	বদলিসূত্রে নিষ্পত্তি	মোট নিষ্পত্তি	অনিষ্পন্ন মামলার সংখ্যা
হত্যা মামলা	৭৯	-	০১	-	০১	৭৮
পেনাল কোডের	১১১	-	০১	০১	০২	১০৯
মাদক মামলা	১৫৩	০২	০২	০১	০৫	১৪৮
বিশেষ ক্ষমতা আইনে মামলা	১৬২	-	০১	০১	০২	১৬০
সেশন মামলা	৫৮৪	১৫	২০	-	৩৫	৫৪৯
মোট	১০৮৯	১৭	২৫	০৩	৪৫	১০৪৪

	খ) চোরাচালান মামলা সংক্রান্ত : বিজ্ঞ পিপি, পঞ্চগড় এর নিকট হতে প্রাপ্ত চোরাচালান সংক্রান্ত সেপ্টেম্বর ২০২৬ মাস পর্যন্ত মামলার নিম্নবর্ণিত তথ্য সভায় উপস্থাপন করা হয়।	চোরাচালান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. অধিনায়ক, ১৮/৫০/৫৬ বিজিবি, পঞ্চগড়/ঠাকুরগাঁও/ নীলফামারী ২. বিজ্ঞ পিপি/ এপিপি, পঞ্চগড়

জেলার নাম	গত মাস হতে আগত	এ মাসে দায়ের-কৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা			চলতি মাস শেষে অনিষ্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
				দোষী সাব্যস্ত	খালাস	অব্যাহতি		
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
পঞ্চগড়	**১৫৮**	**০২**	**১৬০**	-	**০২**	**০১**	**১৫৭**	-

চোরাচালান মামলায় জামিন শুনানির ক্ষেত্রে অধিকতর তৎপর হওয়ার জন্য এবং অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণের ক্ষেত্রে বিজ্ঞ আদালতকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য বিজ্ঞ পিপিকে নির্দেশনা প্রদান করা হয়।

	গ) নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত : সেপ্টেম্বর ২০২৬ মাসে পঞ্চগড় জেলা ও উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেল সংক্রান্ত তথ্য নিম্নরূপ :	নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য নিয়মিত উঠান বৈঠক ও প্রচারণামূলক সভা আয়োজন করতে হবে।	১.উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় ২. জেলা তথ্য অফিসার, পঞ্চগড়

জেলার নাম	নারী নির্যাতন প্রতিরোধ সেলের ত্রৈমাসিক সভার সংখ্যা	বিবেচ্য মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেল কর্তৃক উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা	বিবেচ্য মাসে কতজন নির্যাতিতা নারীকে সেবা প্রদান করা হয়েছে
পঞ্চগড়	০৪	০৪	০৭

সভাপতি জানান, নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক ও প্রচারণামূলক সভা আয়োজনসহ সকলের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে হবে।

২.৪	**বিভিন্ন আইনের অধীনে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত :** পঞ্চগড় জেলায় সেপ্টেম্বর ২০২৬ মাসে বিভিন্ন আইনের অধীন মোবাইল কোর্ট পরিচালনার তথ্য নিম্নরূপ :	মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর বিভিন্ন তফসিলভুক্ত আইনে প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পঞ্চগড় ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় ৩.সহকারী কমিশনার (ভূমি) (সকল), পঞ্চগড়

যে আইনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে	মোবাইল কোর্টের সংখ্যা	মামলার সংখ্যা	অর্থ দন্ডে দন্ডিত ব্যক্তির সংখ্যা	অর্থদন্ডের পরিমাণ	কারাদন্ড প্রাপ্ত ব্যক্তির সংখ্যা
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮	২৪	৩৫	১১	৭,৫০০/-	৩৬
সড়ক পরিবহন আইন, ২০১৮	০১	০১	০১	৩,০০০/-	-
কৃষি বিপণন আইন, ২০১৮	০৪	০৬	০৬	৪,০০০/-	-
ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯	০৭	১১	১১	১,১৪,০০০/-	-
ওজন ও পরিমাপ মানদন্ড আইন, ২০১৮	০১	০১	০১	৫,০০০/-	-

ক্রম	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০১০ ০১ ০১ ০১ ৫০০/- - বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ ০৪ ০৬ ০৬ ৩,৩০,০০০/- - স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ০১ ০২ ০২ ৩,০০০/- - ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ ০৩ ০৭ ০৭ ১৭,০০০/- - বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ ০২ ০২ ০২ ১০,৫০০/- - ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ ০৩ ০৩ ০৩ ৫০০/- - হোটেল ও রেস্তোঁরা আইন, ২০১৪ ০১ ০১ ০১ ১,০০০/- - শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২৫ ০১ ০২ ০২ ১,০০০/- - বায়ুদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ - ০১ ০১ ৫০০/- - সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ ০৪ ০৮ ০৮ ৮৭,০০০/- - পশুজবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১ ০১ ০১ ০১ ৫,০০০/- করাতকল (লাইসেন্স) বিধিমালা, ২০১২ ০২ ০২ ০২ ৪,০০০/- মোট ৬০ ৯০ ৬৮ ৫,৯৩,৫০০/- ৩৬ সভাপতি তফসিলভুক্ত বিভিন্ন আইনে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা বৃদ্ধি করার জন্য বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণকে নির্দেশনা প্রদান করেন।		৪. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), পঞ্চগড়
২.৫	**সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টিকারী অপরাধ প্রতিরোধ সংক্রান্ত :** **ক) নারী নির্যাতন, মাদক ও জুয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ:** পুলিশ সুপার সভায় বলেন, বর্তমান সমাজে মাদক, অনলাইন/অফলাইন জুয়া এবং নারী নির্যাতন সমস্যা রয়েছে। ছেলেমেয়েদের প্রেমঘটিত বিষয়ে প্রায়ই আত্মহত্যার ঘটনা ঘটছে। এ ধরণের মৃত্যুর ঘটনায় মানুষ পোস্টমর্টেম করতে চায় না। মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান চলছে। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি বলেন, মিরগড় কাঠের ব্রিজে এবং এর আশেআশে অনেক রাত পর্যন্ত মাদকের আসর বসে। বিষয়টি দেখা দরকার। অনলাইন/অফলাইন জুয়ার বিষয়েও অভিযান চলছে। জুয়া প্রতিরোধ আইন, ২০২৬ এ মামলা হচ্ছে। সভাপতি বলেন, নারী নির্যাতন প্রতিরোধ ও অনলাইন/অফলাইন জুয়ার বিরুদ্ধে সকলকে নিয়ে ব্যবস্থা নিতে হবে।	মাদক, অনলাইন/অফলাইন জুয়া এবং নারী নির্যাতন প্রতিরোধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. পুলিশ সুপার, পঞ্চগড় ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় ৩. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়
	খ) অটো/রিক্সা/ভ্যান স্ট্যান্ড সংক্রান্ত: সভাপতি বলেন, টুনিরহাটে অটোরিক্সা পার্ক করার জন্য নির্ধারিত কোন স্ট্যান্ড নেই। তারা যত্রতত্র অটোরিক্স পার্ক করায় যানজটের সৃষ্টি হয়। রাস্তার উপর অটোরিক্সা দাঁড়ানোর সুযোগ নেই। রাস্তার বাইরে এবং মোড় থেকে দূরে অটোরিক্সা স্ট্যান্ড করে দেয়া দরকার।	জেলার সকল পৌরশহর, উপজেলা সদর ও বাজারসমূহে অটো/ভ্যান/রিক্সা স্ট্যান্ডের জন্য জায়গা সুনির্দিষ্ট করে দিতে হবে।	১। প্রশাসক, পৌরসভা (সকল), পঞ্চগড় ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়
	গ) মানব পাচার ও চোরাচালান সংক্রান্ত : অধিনায়ক, ৫৬ বিজিবি, নীলফামারী এর প্রতিনিধি বলেন, সীমান্তে চোরাচালান প্রতিরোধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। বিজিবি পুশইন এর বিষয়ে সর্তক আছে। অধিনায়ক, ১৮ বিজিবি, পঞ্চগড় এর প্রতিনিধি বলেন, মানব পাচার (রোহিঙ্গা ঘটনার) এর বিষয়ে অভিযান এবং আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রয়েছে।। সভাপতি বলেন, সীমান্তে চোরাচালান রোধে বিভিন্ন কৌশল গ্রহণ ও টহল কার্যক্রম জোরদার করতে হবে।	১। সীমান্তে চোরাচালান রোধে টহল কার্যক্রম জোরদার করতে হবে। ২। মানব পাচার রোধে তৎপর থাকতে হবে।	অধিনায়ক, ১৮/৫০/৫৬ বিজিবি, পঞ্চগড়/ঠাকুরগাঁও/ নীলফামারী

ক্রম	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	ঘ) বিনোদন কেন্দ্রসমূহে আইন-শৃঙ্খলা রক্ষা,কনসার্ট ও জনসমাবেশ সংক্রান্ত : জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পঞ্চগড় বলেন, জেলার বিভিন্ন পার্কে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী এবং উঠতি বয়সী ছেলে-মেয়েরা ক্লাসে না গিয়ে আড্ডা দেয়, সময় কাটায়। সভাপতি নৈতিক অবক্ষয় রোধে সকলকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। প্রশাসক, জেলা পরিষদ, পঞ্চগড়ও এ বিষয়ে একই মতামত ব্যক্ত করেন। উন্মুক্ত স্থানে অনুমতি ছাড়া রাতভর জনসমাবেশ, কনসার্ট আয়োজন করা হচ্ছে যা দন্ডবিধি ১৮৬০ এর ১৪১ ধারার পরিপন্থি। যে কোন উন্মুক্ত স্থানে জনসমাবেশ, কনসার্ট অনুষ্ঠান আয়োজনের পূর্বে জেলা ম্যাজিস্ট্রেটের অনুমতি নিতে হবে মর্মে সভাপতি সভায় আলোকপাত করেন।	১। স্কুল-কলেজ চলাকালে কোন শিক্ষার্থী যেন পার্কে অবস্থান করতে না পারে এ বিষয়ে পার্ক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। ২। জেলা ম্যাজিস্ট্রেটের পূর্বানুমতি সাপেক্ষে কনসার্ট, জনসমাবেশ আয়োজন করতে হবে মর্মে গণবিজ্ঞপ্তি জারী করতে হবে।	১. পুলিশ সুপার, পঞ্চগড় ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়
	ঙ) ইলিশ ক্রয়-বিক্রয় সংক্রান্ত: জেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, প্রজনন মৌসুমে ইলিশ মাছ সংরক্ষণের জন্য ৮ অক্টোবর হতে ২৯ অক্টোবর, ২০২৬ পর্যন্ত ইলিশ মাছ ক্রয়-বিক্রয় সরকারিভাবে বন্ধ রয়েছে। যদিও পঞ্চগড় জেলায় মা ইলিশ সংরক্ষণের মত কোন নদ-নদী নেই। তবে ইলিশ মাছ ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান চলছে। প্রতিটি বাজারে এ বিষয়ে ইতোমধ্যে ব্যানার টানানো হয়েছে। জেলা মৎস্য অফিসার এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। সভাপতি বলেন, ইলিশ মাছ সংরক্ষণে সরকারি বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	ইলিশ মাছ সংরক্ষণে সরকারি বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	১। পুলিশ সুপার, পঞ্চগড় ২। জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড় ৩। উপপরিচালক, এনএসআই, পঞ্চগড়
	চ) দুর্গাপূজা সংক্রান্ত: প্রশাসক, জেলা পরিষদ, পঞ্চগড় জানান, আসন্ন শারদীয় দুর্গাপূজা উৎসবমুখর পরিবেশে সুষ্ঠুভাবে উদযাপনের জন্য দলীয়ভাবে প্রতিটি পূজামন্ডপে স্বেচ্ছাসেবক দল গঠন করা হবে। জনাব মোঃ জাহিরুল ইসলাম কাচ্চু, আহবায়ক, জেলা বিএনপি, পঞ্চগড় জেলায় শারদীয় দুর্গাপূজা সুষ্ঠুভাবে উদযাপনে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে বিশেষ আলোকপাত করেন। উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী বলেন, বর্তমান সময়ে বিভিন্ন স্কুল প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটছে। পূজার সময় স্কুলসমূহ দীর্ঘ ছুটিতে থাকবে। তখন চুরির ঘটনা আরো বৃদ্ধি পেতে পারে। এ বিষয়ে বিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান, আটোয়ারী উপজেলার সবচেয়ে বড় বাজার "ফকিরগঞ্জ বাজার"। স্বাভাবিক সময়েই এখানে অটো/ভ্যানসহ অন্যান্য যানবাহনের যানজট লেগে থাকে। পূজার সময় এখানে আরো বেশি যানজট সৃষ্টি হবে। তখন জনসাধারণের চলাচল বিঘ্নিত হবে। তাই তিনি এখানে ট্রাফিক পুলিশ নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, পঞ্চগড় এর দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ বলেন, পঞ্চগড়ের সবচেয়ে বড় পূজামন্ডপ হলো "জগবন্ধু ঠাকুরবাড়ি পূজামন্ডপ" । এটি বোদা-দেবীগঞ্জ সড়কের পাশেই অবস্থিত। এ সড়ক দিয়ে প্রতিদিন শতশত পাথর-বালিবাহী ট্রাক ও অন্যান্য যানবাহন চলাচল করে। আসন্ন দূর্গাপূজায় ৮মী হতে দশমী পর্যন্ত "জগবন্ধু ঠাকুরবাড়ি পূজামন্ডপ"-এ প্রচুর জনসমাগম হবে। পণ্যবাহী ট্রাক চলাচলের কারণে এ স্থানটিতে তীব্র যানজটের সৃষ্টি হবে এবং ঝুঁকিপূর্ণ হবে। তিনি দূর্গাপূজায় ৮মী হতে দশমী পর্যন্ত এ সড়ক দিয়ে পণ্যবাহী ট্রাকসমূহকে ঠাকুরগাঁও দিয়ে চলাচল করানোর ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির সহযোগিতা কামনা করেন। পুলিশ সুপার বলেন, পূজার সময় জাতীয় মহাসড়কে পণ্যবাহী ট্রাক চলাচল সীমিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সভাপতি বলেন, পূজা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রতিটি পূজামন্ডপে পর্যাপ্ত পরিমাণে নিরাপত্তা ব্যবস্থা এবং সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে।	১। দুর্গাপূজার সময় জাতীয় মহাসড়কে পণ্যবাহী ট্রাক চলাচল সীমিত, সময় সমন্বয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। আটোয়ারী উপজেলার ফকিরগঞ্জ বাজারে ট্রাফিক পুলিশ নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। আসন্ন দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রতিটি পূজামন্ডপে পর্যাপ্ত পরিমাণে নিরাপত্তা ব্যবস্থা এবং সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। ৪। দুর্গাপূজার দীর্ঘ ছুটিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	১. পুলিশ সুপার, পঞ্চগড় ২.উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড় ৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পঞ্চগড় ৪. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় ৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড়

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২০২৬

মোসা: শুকরিয়া পারভীন
জেলা ম্যাজিস্ট্রেট
পঞ্চগড়
ফোন : ০২৫৮৭৭১৮৯৪৪
ইমেইল : dcpanchagarh@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৭.৭৭০০.০০০.০১২.০৬.০০০২.২৬- ৩১৮৮

তারিখ : ০৯ কার্তিক ~~আশ্বিন~~ ১৪৩৩
২৫ অক্টোবর ২০২৬

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩. সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
৪. সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৫. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৬. বিজ্ঞ জেলা ও দায়রা জজ, পঞ্চগড়
৭. পুলিশ সুপার, পঞ্চগড়
৮. সিভিল সার্জন, পঞ্চগড়
৯. তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, পঞ্চগড়
১০. অধিনায়ক, ১৮/৫০/৫৬ বিজিবি, পঞ্চগড়/ঠাকুরগাঁও/নীলফামারী
১১. জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্টের কার্যালয়, পঞ্চগড়
১২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,পঞ্চগড়
১৩. উপ-পরিচালক, এন.এস.আই, পঞ্চগড়
১৪. অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, পঞ্চগড়
১৫. প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/বোদা/আটোয়ারী/দেবীগঞ্জ, পঞ্চগড়
১৬. উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/ বোদা/আটোয়ারী/দেবীগঞ্জ, পঞ্চগড়
১৭. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়
১৮. জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড়
১৯. জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ দপ্তর, পঞ্চগড়
২০. উপ পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, পঞ্চগড়
২১. জেলা ..... অফিসার, পঞ্চগড়
২২. জেল সুপার, জেলা কারাগার, পঞ্চগড়
২৩. বিজ্ঞ পিপি, পঞ্চগড়
২৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়
২৫. জনাব.....বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পঞ্চগড়
২৬. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পঞ্চগড়
২৭. সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, পঞ্চগড়
২৮. উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড়
২৯. জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, পঞ্চগড়
৩০. সভাপতি, চেম্বার অব কমার্স/জেলা বার এসোসিয়েশন, পঞ্চগড়
৩১. সম্পাদক, প্রেস ক্লাব, পঞ্চগড়
৩২. জনাব..... পঞ্চগড়

২৫/১০/২০২৬

সোহেল সুলতান জুলকার নাইন কবির
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
পঞ্চগড়
ফোন : ০২৫৮৯৯-৪১৬৭৪
ইমেইল : admpanchagarh1@gmail.com